



স্মারক নং- ৩২.০১.০০০০.০১৪.১৮.০০৪.২১-৬৮


তারিখ : ২০/০৯/২০২১ খ্রি:।

বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে ২০২১-২০২২ অর্থবছরে সাহায্যের জন্য আবেদন সংক্রান্ত।

২০২১-২০২২ অর্থবছরে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'দুস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল' হতে প্রকৃত বাংলাদেশী দুস্থ মহিলা এবং শিশুকে সাহায্য প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লেখিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে (সংযুক্ত) আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণকে অবশ্যই আগামী ৩১/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।

শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):

- আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণকে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর /চেয়ারম্যান/ইউপি মেম্বর/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর এর সুপারিশসহ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে স্ব স্ব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।
- সিটি কর্পোরেশন বা জেলা/সদর উপজেলার আবেদনকারীগণকে জেলা সদরে অবস্থিত মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনকারীকে সাহায্য আবেদনের স্বপক্ষে সংযুক্ত হিসেবে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে।
 - জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি।
 - পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি।
 - চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র।
 - আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।
 - শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং পিতা মাতার বাৎসরিক আয়ের প্রত্যয়ন (মেয়র/১ম শ্রেণির কর্মকর্তা/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/মেম্বর কর্তৃক প্রদত্ত)।
- জেলা কমিটি আবেদনপত্র সংগ্রহের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন (জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে নোটিশটি প্রচার করবেন)।
- জেলা কমিটি প্রাপ্ত আবেদনপত্র ১৫/১১/২০২১ তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনীয় সুপারিশসহ আবেদন পত্রে জেলা কমিটির স্বাক্ষরসহ তহবিলের উপকমিটি বরাবর প্রেরণ করবেন।
- জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন পত্রের ফটোকপি উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- 'বোর্ড অব ট্রাস্টি' সভায় মঞ্জুরকৃত/অনুমোদনকৃত অর্থ ট্রসড চেকের মাধ্যমে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর প্রেরণ করা হবে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অনুদানের অর্থ বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরত: তহবিলের বোর্ড অব ট্রাস্টির সদস্য সচিবকে অবহিত করবেন।


(রাম চন্দ্র দাস)
মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর

.....জেলা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০১৪.১৮.০০৪.২১-৬৮

তারিখ : ২০/০৯/২০২১ খ্রি:।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ:

- পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।